

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা  
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০২.২১.৪২৪

তারিখ: ১১ পৌষ ১৪২৯

২৬ ডিসেম্বর ২০২২

বিষয়: সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি ২০২২-২০২৩ অর্থবছরে ‘শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড’-২০২৩ প্রদানের কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৫১.৯২.০০১.২২.২৭৪ তারিখ: ১৯.১২.২০২২

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের পূর্বের ধারাবাহিকতায় চলতি ২০২২-২০২৩ অর্থবছরে ‘শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড’-২০২৩ প্রদানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা মহানগরীর ক্ষেত্রে জেলা কমিটির সভাপতি হিসেবে সরাসরি জেলা প্রশাসক বরাবর, উপজেলা পর্যায়ে উপজেলা কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার বরাবর এবং মাঠ পর্যায়ে আবেদন দাখিল এবং প্রাপ্ত আবেদন যাচাই-বাছাইপূর্বক উপজেলা কমিটি-জেলা কমিটি মন্ত্রণালয় বরাবর প্রেরণের সময়সীমা নির্ধারণ করা হয়েছে। উল্লেখ্য গত বছরের ন্যায় এ বছরও মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ‘শেখ হাসিনা ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড’-২০২৩ প্রদানের সম্ভাবনা রয়েছে।

০২। পুরস্কারের বিজ্ঞপ্তি অনুযায়ী ব্যাপক প্রচারসহ এ বিষয়ে মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী আবেদন যাচাই-বাছাই প্রক্রিয়া সম্পন্ন করে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় সহযোগিতার নির্দেশনা প্রদানের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০৩। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে সূত্রস্থ পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে ০৫ পৃষ্ঠা।



২৭-১২-২০২২

মোহাম্মদ খোরশেদ আলম খান

উপসচিব (রুটিন দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৫৫৪৪৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: dfal\_sec@cabinet.gov.bd

বিতরণ :

১) জেলা প্রশাসক (সকল)

২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.১৮.০০২.২১.৪২৪/১(৯)

তারিখ: ১১ পৌষ ১৪২৯

২৬ ডিসেম্বর ২০২২

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ:

১) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২) বিভাগীয় কমিশনার (সকল)



২৭-১২-২০২২

মোহাম্মদ খোরশেদ আলম খান

উপসচিব (রুটিন দায়িত্ব)